# সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয়


সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।

**EIIN No: 136753, School Code:1611, Thana Code:132, District Code:12**

**Website: www.scbbhs.edu.bd      E-mail: scbbhs1988@gmail.com**


**নং- ১২/২০২৫** **তারিখ ঃ ২৯/০৭/২০২৫ খ্রিঃ**

## সতর্কীকরণ প্রসঙ্গে

এতদ্বারা অত্র বিদ্যালয়ের সম্মানিত অভিভাবকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের শিক্ষার্থীদের সহজ ও নিরাপদ যাতায়াতের জন্য আপনারা অভিভাবকগণ শিক্ষার্থীদের সাথে বিদ্যালয়ে আসেন। কিন্তু, কিছুদিন ধরে লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় অভিভাবক বিদ্যালয়ের অভ্যন্তরে নির্ধারিত অভিভাবক শেডে অবস্থান না করে ক্যান্টনমেন্ট এর বিভিন্ন জায়গায় ঘোরাফেরা করেন এবং বিভিন্ন ইউনিটের ক্যান্টিনে গিয়ে বসে থাকেন যা সেনানিবাসের অভ্যন্তরীন নিয়ম-শৃঙ্খলার পরিপন্থী। বিষয়টি সেনানিবাস কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে।

সকল অভিভাবককে সতর্ক করা যাচ্ছে যে, শিক্ষার্থীদের বিদ্যালয়ে পৌঁছে দিয়ে সম্ভব হলে বাসায় চলে যাবেন অথবা, বিদ্যালয়ের অভিভাবক শেডে অবস্থান করবেন।

সেনানিবাসের অভ্যন্তরে যত্রতত্র ঘোরাফেরা না করার জন্য এবং বিদ্যালয়ের নির্ধারিত অভিভাবক শেড ব্যতিত অন্য কোন ইউনিটের ক্যান্টিনে না বসার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিদ্যালয় সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

(মোঃ আবুল কাশেম)
**প্রধান শিক্ষক**
সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয়
সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।